২৭০.০০

উপজেলা পরিষদ কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ।

সেপ্টেম্বর/২০২২মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ
সভাপতি ঃ জনাব করুনা সিন্ধু চৌধুরী বাবুল চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ ঃ ২৮-০৯-২০২২খ্রি. সময় ঃ বেলা-১২.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট ক,খ।

সভাপতি সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর সভায় সকলের পরিচিতি পর্ব শেষ করে মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন ও মিশন কার্যক্রের লক্ষে দুই হাজার একচল্লিশ সালের মধ্যে সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন করার জন্য পরস্পরের সহযোগিতা কামনা করেন এবং নিজ নিজ দায়িত্ব কর্তব্য পালনে সচেষ্ট থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। নির্ধারিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২. আলোচনা ঃ বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন/ সংযোজন/ পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিগত সভার কার্যবিবরণীতে সংশোধন/সংযোজন/পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল।

০৩. **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপু সভায় অনুপস্থিতি থাকায় তাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছুই জানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ প্রকাশ করেন।

সিদ্ধান্ত (১) ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী সাসিক সভায় উপস্থিত থেকে তার কারণ দর্শানোর জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোভিড-১৯ করোনাভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আগত রোগীদের স্বাস্থ্য বিধি মেনে চিকিৎসা প্রদান করতে হবে, এ বিষয়ে কোন প্রকার গাফিলতি বা শৈথিল্য প্রদর্শন না করার জন্য অনুরোধ জানানো হয়।

(২) ঃ জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুয়ায়ী উপস্থিতি নিশ্চিত করণসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়। একই সাথে চিকিৎসা সেবা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সুরক্ষার বিষয়ে অধিকতর যত্নবান থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

বাস্তবায়ন ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর,সংশ্লিষ্ট সকল।

০৪. **কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাঠ পর্যায়ে কৃষকদেরকে সার্বিক ভাবে বিভিন্ন দিন নির্দেশনা প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হলো।

বাস্তবায়ন ঃ উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

০৫. প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর সভায় জানান যে, জনবল সংকট থাকার ফলে দাপ্তরিক কার্যক্রম কিছুটা ব্যহত হচ্ছে। তাছাড়া প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণের মাধ্যমে ঘাস চাষে কৃষকদের মনোযোগী করে তোলা হচ্ছে। খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে। তাছাড়া FAO এর সহযোগিতায় ইমাজেন্সীতে বন্যায় কবলিত এলাকায় গবাদি পশুর খাদ্য বিতরণের জন্য চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ সকলের নিটক হতে গবাদি পশুর খামীদের তালিকা তালিকা চাওয়া হয়েছে এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করাসহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রশিক্ষণের মাধ্যমে ঘাস চাষে কৃষকদের মনোযোগী করে তোলা, এবং খামারীদের গবাদি পশু ও হাঁস মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করার জন্য ও বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা উপজেলা প্রাণি সম্পদ অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়

(২) ঃ বিস্তারিত আলোচনান্তে FAO এর সহযোগিতায় ইমার্জেন্সীতে বন্যায় কবলিত এলাকায় গবাদদি পশুর খাদ্য বিতরণের তালিকা জরুরী ভিত্তিতে উপজেলা প্রাণিসম্পদ অফিসে দাখিল করার জন্য সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

০৬. মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য অফিসার তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য এবং মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন বাজারে হাওরে কারেন্টজাল দিয়ে মাছ ধরতে না পারে সে জন্য সময় সময় অভিযান পরিচালনা চলমান রাখতে হবে। উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারন দর্শানোর জন্য। উপজেলা মৎস্য অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মৎস্য অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

০৭. **শিক্ষা বিভাগ** ঃ উপজেলা শিক্ষা তাহিরপুর অফিসার তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃবিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ প্রকাশ করেন। উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হল।

(২) ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সঠিক ভাবে পরিচালনাসহ বিদ্যালয় পরিদর্শন করা এবং সংশ্লিষ্ট সকল শিক্ষক উপস্থিতি নিশ্চত করে যথাযথ ভাবে পালন করার জন্য সঠিক সময়ে বিদ্যালয়ে শিক্ষগণের উপস্থিতি নিশ্চত করার বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে কোন প্রকার অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ (সংশ্লিষ্ট সকল)।

০৮. **প্রকৌশলী বিভাগঃ** উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। সভায় আলচোনা করা হয় ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি প্রকল্প বাস্তবায়নের লক্ষে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা পরিষদের সরকারি সকল বিভাগের প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন খাত ওয়ারী প্রকল্পের তালিকা দাখিল করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুরকে অনুরোধ করা হয়। চেয়ারম্যান,বাদাঘাট ইউনিয়ন পরিষদ, সভায় জানান বর্ডার হাটের প্রায় ২০০ মিটার রাস্তা নির্মাণ করা প্রয়োজন। বাদাঘাট বাজারে যে স্থানে মাছ এবং শবজী বাজার রয়েছে উক্ত স্থানে কিচেন মার্কেট নির্মাণের জন্য সভায় আলোচনা করা হয়। উক্ত স্থানে যদি কেন লোকজন সরকারি জায়গা দখল করে রাখে তাহলে যাচাই-বাছাই করে উচ্ছেদ অভিযান করার জন্য উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়। উপজেলা প্রকৌশলী,তাহিরপুর সভায় জানান জনসাধারণ চলাচল করার লক্ষে তাহিরপুর টান বাজার হতে বাবুল আখঞ্জীর মার্কেটের সামন দিয়ে লামা বাজার পর্যন্ত গলি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হয়। উক্ত ব্যয় বিল পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃবিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ অর্থবছরের এডিপি প্রকল্প বাস্তবায়নের লক্ষে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে এবং উপজেলা পরিষদের সরকারি সকল বিভাগের প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে বিভিন্ন খাত ওয়ারী



CamScanner

প্রকল্পের তালিকা দাখিল করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

(০২) ঃ বিস্তারিত আলোচনান্তে বর্ডার হাটের প্রায় ২০০ মিটার রাস্তা নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুরকে অনুরোধ করা হয়। বাদাঘাট বাজারে যে স্থানে মাছ এবং শবজী বাজার রয়েছে উক্ত স্থানে কিচেন মার্কেট নির্মাণের জন্য এবং উক্ত স্থানে যদি কোন লোকজন সরকারি জায়গা দখল করে রাখে তাহলে যাচাই-বাছাই করে তাদেরকে উচ্ছেদ অভিযান করার জন্য উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়।

(০৩) ঃ বিস্তারিত আলোচনান্তে জনসাধারণ চলাচল করার লক্ষে তাহিরপুর টান বাজার হতে বাবুল আখঞ্জীর মার্কেটের সামন দিয়ে নামা বাজার পর্যন্ত গলি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয়ে প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করা হয়। যা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উক্ত ব্যয় বিল উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী,এলজিইডি,তাহিরপুর,সুনামগঞ্জ (সংশ্লিষ্ট)।

০৯. **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। **সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে জনসংখ্যা হ্রাসের লক্ষ্যে প্রয়োজনীয় জন্ম বিরতিকরণসহ আরও অন্যান্য স্থায়ী পদ্ধতি ব্যবহারের জন্য মাঠ পর্যায়ে কার্যক্রম জোরদার করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ,তাহিরপুরকে অনুরোধ করা হয়।

(২) ঃ বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার যে সকল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে সে সকল কেন্দ্র নিয়মিত দর্শন/পরিদর্শন করে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১০. **সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা অফিসার,তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরে তাহিরপুর উপজেলায় প্রতিবন্ধী ভাতা ব্যতিত অন্যান্য ভাতার বরাদ্দ আসেনি। প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন করতে হবে।

সিদ্ধান্ত (১) ঃ বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন প্রকার ভাতা ভোগীদেরকে কোন প্রকার হয়রানী করা যাবেনা সঠিক সময়ে তাদের ভাতা বিতরণ করতে হবে যদি এ বিষয়ে কোন প্রকার গাফিলতি পাওয়া যায় তবে তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(২) ঃ মাসিক প্রতিবেদন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর ও উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর বরাবর প্রেরণ করার জন্য বলা হলেও এ যাবত কোন প্রকার তথ্য পাওয়া যায়নি তাতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ফলে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজসেবা অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ ।

১১. **মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর সভায় অবহিত করেন যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। দাখিল ও এস.এস.সি পরীক্ষা সুষ্ঠভারে হচ্ছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণী পাঠদান কার্যক্রম সম্পর্কে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া দাখিল ও এস.এস.সি পরীক্ষা সুষ্ঠভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১২. **সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় অফিসার তাহিরপুর সভায় জানান যে, সমবায় অধিদপ্তর কর্তৃক ২২/০৯-২০২২খ্রি.তারিখ সরকারের নির্দেশনা মোতাবেক মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়কে সভাপতি করে ২১ সদস্য বিশিষ্ট, তাহিরপুর উপজেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজীব, সমবায় সমতি লিঃ গঠন করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজীব, সমবায় সমতি লিঃ তাহিরপুর, সুনামগঞ্জ এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়।

১৩. **যুব উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর,সভায় অনুপস্থিতি থাকার কারণে তাহার দাপ্তরিক ককার্যক্রম সম্পর্কে কিছু যানা যায়নি। ফলে সভায় উপস্থিত সকল সদস্য ভিন্নমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী সাসিক সভায় উপস্থিত থেকে তার কারণ দর্শানোর জন্য উপজেলা সমবায় অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্শণ করা হয়।

বাস্তবায়ন ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর,সুনামগঞ্জ

১৪. **জনস্বাস্থ্য বিভাগ** ঃ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভায় উপস্থিত সকল সদস্য ভিন্নমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়ন ঃ উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ।

১৫. **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের গ্রামীণ অবকাঠামো রক্ষাবেক্ষনের টিআর, কাবিখা-কাবিটা ও ইজিপিপি খাতে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে বিভাজ করে উপস্থিত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, তাহিরপুরে দাখিল করার জন্য অবহিত করেন। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে জানান টিআর, কাবিখা-কাবিটা ও ইজিপিপি খাতে বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দের আলোকে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট সকলকে দ্রুত প্রকল্প তালিকা উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস, তাহিরপুরে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করেন।

বাস্তবায়ন ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১৬. **পল্লী উন্নয়ন বিভাগ** ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাহিরপুর সভার অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভায় উপস্থিত সকল সদস্য ভিন্নমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী সাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য উপজেলা উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়ন ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তাহিরপুর, সুনামগঞ্জ।

১৭. **মহিলা বিষয়ক বিভাগ** ঃ উপজেলা মহিলা বিষক অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বিডব্লিউবি কর্মসুচীর আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ০৬ (ছয়) মাসের বরাদ্দ হতে ২০২১-২০২২ চক্রের জুলাই/২০২২ ও আগস্ট/২০২২ মাসের বিডব্লিউবি ডিও ছাড় করা হয়েছে। তাছাড়া দরিদ্র মার জন্য মা ও শিশু সহায়তা কর্মসুচী আওতায় ২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দ পাওয়া যায় নাই। ফলে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মা ও শিশুর সহায়তা কর্মসুচীর নতুন উপাকরভোগী নির্বাচন করা হবে । এ বিষয়ে সকলকে অবহিত করা হল। আইজিএ প্রশিক্ষণ কেন্দ্রের ব্যাচ ফ্যাশন ডিজাইন ও মাসরুম টাষ ২টি ট্রেডে প্রশিক্রম কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর এর দৃষ্টি আকর্শণ করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।

১৮. **আনসার ও ভিডিপি বিভাগ** ঃ উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর,সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পালন করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার (ভারপ্রাপ্ত) তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়ন ঃ উপজেলা আনসার ভিডিপি অফিসার ( ভারপ্রাপ্ত), তাহিরপুর, সুনামগঞ্জ।

১৯. ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক ঃ উপজেলা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অনুপস্থিতি থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি ফলে সভায় উপস্থিত সকল সদস্য অসন্তোষ পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে অনুপস্থিতির কারণ দর্শানোর জন্য ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে ঃ সংশ্লিষ্ট সকল, তাহিরপুর, সুনামগঞ্জ।

২০. বিবিধ ঃ সভা আলোচনা করা হয় দাপ্তিরিক কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান,০৩টি ল্যাপটপ,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় তাহিরপুরে ০১টি ল্যাপটপ ও উপজেলা প্রকৌশলী এরজিইডি অফিসে ০১টি ল্যাপ্টপ,০৭ (সাত) ইউনিয়ন পরিষদে ০৭টি ল্যাপটপসহ মোট ১২ টি ল্যাপটপ ক্রয় করার জন্য সভায় আলোচনা করা হয়। তাছাড়া উপজেলা বঙ্গ বন্ধু কনফারেন্স হল রুমে ০২টি ব্যাটারীসহ একটি আইপিএস,০৭টি ইউনিয়ন পরিষেদে ২টি ব্যাটারীসহ একটি করে আইপিএসসহ মোট ১৪টি ব্যাটারী ০৭টি আইপিএস ক্রয় করার জন্য সভায় আলোচনা করা হয়। চেয়ারম্যান, বাদাঘাট উইনয়ন পরিষদ,সভায় জানান শাহ-আরেফিন মোকামের জায়গা বিভিন্ন লোকজন দখল করে রেখেছে। বাদাঘাট ইউনিয়ন পরিষদের ভূমি সঠিক পরিমাপ করা প্রয়োজন কেননা কিছু ভূমি ভোগ দখলকারীদের অনুকূলে আছে। যাচাই-বাছাই করে উচ্ছেদ অভিযানের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা করা। বাদাঘাট পাবলিক উচ্চ বিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত বিষয়ে ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষকের মধ্যে মতবিরোধ রয়েছে। বিষয়টি অনতিবিলম্বে সুষ্ঠু তদন্ত করে নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ অফিসে ০৩টি ল্যাপটপ,উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় তাহিরপুর ০১টি ল্যাপটপ ও উপজেলা প্রকৌশলী এলজিইডি অফিসে ০১টি, ল্যাপটপ,০৭ (সাত) ইউনিয়ন পরিষদে ০৭টি ল্যাপটপসহ মোট ১২ টি ল্যাপটপ ক্রয় করার জন্য সভায় উপস্থিত সবল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহীত হয়। এ বিষয়ে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে সরকারি বিধি মোতাবেক ক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,এলজিইডি,তাহিরপুরকে অনুরোধ করা হয়। উল্লেখ্য যে ক্রয়কৃত ল্যাপটপগুলি তাদের নিজ প্রতিষ্ঠানের সম্পত্তি রেজিস্টারে অফিস প্রধানের স্বাক্ষরে লিপিবদ্ধ করে রাখার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী এলজিইডি,তাহিরপুর, (সংশ্লিষ্ট সকল)।

(০২) ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা বঙ্গবন্ধু কনফারেন্স হল রুমের জন্য ০২টি ব্যাটারীসহ ০১টি আইপিএস, ০৭ (সাত) ইউনিয়ন পরিষদের জন্য ২টি ব্যাটারীসহ ০১টি করে আইপিএসসহ সর্বমোট ১৬টি ব্যাটারী ০৮টি আইপিএস ক্রয় করার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহীত হয়। এ বিষয়ে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে সরকারি বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাহিরপুরকে অনুরোধ করা হয়। উল্লেখ্য যে ক্রয়কৃত আইপিএস ব্যাটারী তাদের নিজ প্রতিষ্ঠানের সম্পত্তি রেজিস্টারে লিপিবদ্ধ করে রাখার জন্য সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করে সিদ্ধান্ত গৃহীত হয়।
অনুরোধ করা হয়।

(০৩) ঃ বিস্তারিত আলোচনান্তে বাদাঘাট ইউনিয়ন পরিষদের জায়গাও সঠিক পরিমাপ করা প্রয়োজন কেননা কিছু ভূমি ভোগ দখলকারীদের অনুকূলে আছে। যাচাই-বাছাই করে উচ্ছেদ অভিযানের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুরকে অনুরোধ করা হয়।

(০৪) ঃ বিস্তারিত আলোচনান্তে বাদাঘাট পাবলিক উচ্চ বিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত বিষয়ে ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রধান শিক্ষকের মধ্যে দন্ধ অনতিবিলম্বে সুষ্ঠু তদন্ত করে নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুরকে বিশেষ ভাবে অনুরোধ করা হয়।



CamScanner

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর, সুনামগঞ্জ।

২১. **উপজেলা পরিষদের জীপ গাড়ির মেরামতের ব্যয় বিল ঃ** উপজেলা নির্বাহী অফিসার,তাহিরপুর সভায় জানান, চেয়ারম্যান উপজেলা পরিষদ কার্যালয়,তাহিরপুর এর মিতসুবাসি পাজারো জীপ গাড়িটি হঠাৎ করে চলাচল অনুউপযোগী হওয়ায় তাৎক্ষনিক গাড়িটিকে চলাচল করার লক্ষে ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকায় গাড়িটি সংস্কার ও মেরামত করা হয়। ব্যয় বিল পরিশোধের জন্য ৪৯০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকার ০২টি ব্যয় ভাউচারসহ ২৮-০৯-০২০২২ তারিখে জনাব মোঃ শুকুর আলী গাড়ি চালক, একটি আবেদন দাখিল করেন । আবেদনের আলোকে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ব্যয় ভাউচার সঠিক থাকায় মিতসুবাসি পাজারো জীপ গাড়িটির ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকার সংস্কার ও মেরামত করার ব্যয় বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর, সুনামগঞ্জ

২২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৯/2022

(করুনা সিন্ধু চৌধুরী বাবুল)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.১৯-০৮ (৩) তারিখঃ২৮সেপ্টেম্বর ২০২২খ্রি

সদয় অবগতি প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ-০১ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ,সুনামগঞ্জ।
০৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

০৯। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
১০। উপজেলা...............................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।
১১। চেয়ারম্যান, ...........................................ইউনিয়ন পরিষদ (সকল) তাহিরপুর, সুনামগঞ্জ।
১২। অফিস নথি/ মাস্টার ফাইল।

২৮/০৯/2022

(মোঃ রায়হান কবির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ
E-mail: unotahirpur@gmail.com



CamScanner

২৬/০৬/২০২২ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন পরিষদের - ৪০ তম সভা: সভাপতি: জনাব কামরুন্নাহার মিতু মোঃ কবির চেয়ারম্যান- উন্নয়ন পরিষদ, শরীয়তপুর সময়: ১২.০০ ঘটিকা

| নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব কামরুন্নাহার মিতু মোঃ কবির | চেয়ারম্যান উন্নয়ন পরিষদ শরীয়তপুর | |
| ০২ | জনাব মোঃ মাহমুদ কবির | উন্নয়ন নির্বাহী অফিসার শরীয়তপুর | ? |
| ০৩ | জনাব রিয়াজ উদ্দিন | ভাইস চেয়ারম্যান উন্নয়ন পরিষদ শরীয়তপুর। | |
| ০৪ | জনাব মোসেদা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান উন্নয়ন পরিষদ শরীয়তপুর | [illegible] |
| ০৫ | জনাব আলী আহমদ | চেয়ারম্যান আদুর ইউপি ইউ/পি | [illegible] |
| ০৬ | জনাব আলী আহমদ মুরাদ | আবুর [illegible] | [illegible] |
| ০৭ | মোহিদুল আলী | নড়িয়া [illegible] ইউ/পি | [illegible] |
| ০৮ | মোঃ মামুন মিয়া | নড়িয়া ইউপি ইউ/পি | [illegible] |
| ০৯ | জনাব রিয়াজ উদ্দিন | [illegible] ইউ/পি | [illegible] |
| ১০ | জনাব হুমায়ুন আলী | শরীয়তপুর [illegible] | [illegible] |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | মো: হুমায়ুন-উদ দৌলা | উপজেলা কৃষি অফিসার | [illegible] | |
| ১২ | মোহাম্মদ [illegible] রহমান | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [illegible] | |
| ১৩ | মো: মোসলিম উদ্দিন | UFPO তাহি. সু.ও. | [illegible] | |
| ১৪ | মো: ইকবাল কবীর | উপজেলা প্রকৌশলী | [illegible] | |
| ১৫ | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার | [illegible] | |
| ১৬ | বি.এম. মুশফিকুর রহমান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [illegible] | |
| ১৭ | [illegible] | উপজেলা শিক্ষা অফিসার | [illegible] | ০ |
| ১৮ | স. হাবিব আহমেদ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, তাহিরপুর | [illegible] | ০৭ |
| ১৯ | মো: কাসিম উদ্দিন | উপ-সহকারী প্রকৌশলী SAE PIO অফিস | [illegible] | ০৮ |
| ২০ | মো: মিজানুর রহমান | USEO তাহিরপুর | [illegible] | ০৯ |
| ২১ | ডা. [illegible] | UHFPO Tahirpur, Sunam | [illegible] | ১০ |
| ২২ | | | | ১১ |